

প্রাথমিকের বৃত্তি পরীক্ষার ফলে ত্রুটি দুপুরে প্রকাশ, সন্ধ্যায় স্থগিত

নিজস্ব প্রতিবেদক

১ মার্চ ২০২৩ ১২:০০ এএম।

আপডেট: ১ মার্চ ২০২৩

১০:২৬ এএম



advertisement

কারিগরি ত্রুটির জন্য প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রকাশিত ফল পুনঃযাচাইয়ের প্রয়োজনীয়তা অনুভব করায় প্রকাশিত ফল আপাতত স্থগিত করা হয়েছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় এ তথ্য জানিয়ে গণমাধ্যমে বিজ্ঞপ্তি পাঠিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এর আগে দুপুর দেড়টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন।

এ সময় তিনি জানিয়েছিলেন, ২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় মোট ৮২ হাজার ৩৮৩ শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। এর মধ্যে ট্যালেন্টপুলে ৩৩ হাজার ও সাধারণ কোটায় ৪৯ হাজার ৩৮৩ শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা অষ্টম শ্রেণি পর্যন্ত বৃত্তি পাবে।

advertisement

কিন্তু বিকাল গড়াতেই শিক্ষার্থীরা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dpe.gov.bd) এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopme.gov.bd) গিয়ে ফল খুঁজে পায়নি। এর পর সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার হয় বৃত্তির ফল উধাওয়ের তথ্য।

সন্ধ্যায় এ বিষয়ে খোঁজ নেওয়ার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াতকে ফোনে পাওয়া যায়নি। এর পর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. ফরিদ আহাম্মদের কাছে জানতে চাইলে তিনি বলেন, কারিগরি ত্রুটি হতে পারে। আমি খোঁজ নিয়ে বিস্তারিত বলতে পারব।

রাতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিজ্ঞপ্তিতে জানায়, কারিগরি ত্রুটির কারণে প্রাথমিক বৃত্তি পরীক্ষার ২০২২ সালের ফল পুনঃঘাটাইয়ের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় দুপুরে প্রকাশিত ফল স্থগিত করা হলো। ১ মার্চ (আজ) বিকালে পুনরায় এ ফল প্রকাশ করা হবে।

উল্লেখ্য, গত ৩০ ডিসেম্বর সারাদেশে একযোগে ৫ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলের ভিত্তিতে মেধাক্রম অনুসারে ২০ শতাংশ শিক্ষার্থী নিয়ে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।